

## ইউনিসেক-গ্লোবাল-এর আওতা ও কার্যপরিধি

নভেম্বর ২৪, ২০১৩

### উদ্দেশ্য :

ইউনিভারসিটি স্পেস ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম (ইউনিসেক)-গ্লোবাল এমন একটি বিশ্ব দেখে যেখানে ধনী-দরিদ্র সকল দেশের ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহৃত হয় এবং শান্তিপূর্ণ কার্যক্রম ও মানব কল্যাণের স্বার্থে সমাজের পুরো কাঠামো, যথা- শিক্ষা অথবা শিল্প-এর উপর সুযোগ করে দেয়।

### লক্ষ্য :

ইউনিসেক-গ্লোবাল এমন একটি পরিবেশ সৃষ্টি করবে যা উন্নয়নশীল দেশ ও ধাবমান অর্থনীতিতে বসবাসকারী বিশেষ করে যুব সমাজের জন্য মহাকাশ কৌশল ও এর প্রয়োগ সম্পর্কিত ধারণা, তথ্য ও সামর্থের অবাধ বিনিময়ের উন্নয়ন ঘটাবে।

### কাঠামো :

- ১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে ব্যবহারিক মহাকাশ উন্নয়নমূলক কার্যক্রম যথা ডিজাইন করা, উন্নয়ন ঘটানো, উৎপাদন করা, মাইক্রো/ ন্যানো/ পিকো স্যাটেলাইট ও রকেট-এর উৎক্ষেপন ও পরিচালনা, এগুলোর খরচাদিসহ প্রভৃতিকে সুবিধাদি প্রদান এবং এর উন্নয়ন ঘটানোর জন্য ইউনিসেক-গ্লোবাল একটি আন্তর্জাতিক অলাভজনক প্রতিষ্ঠান।
- ২) বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়গ্রুপ, শিক্ষা কার্যক্রম অথবা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ইউনিসেক-গ্লোবাল-এর সদস্য।
- ৩) ইউনিসেক-গ্লোবাল-এর সদস্যগণ স্থানীয় অংশীদার হিসেবে সংগঠিত হবে যা দেশ বা আঞ্চলিক পর্যায়ে সহযোগিতা প্রদান করবে।
- ৪) ইউনিসেক-গ্লোবাল সচিবালয় দ্বারা ইউনিসেক-গ্লোবাল-এর কার্যক্রম সুসংবদ্ধ।
- ৫) ইউনিসেক-গ্লোবাল-এর নির্বাহী অঙ্গ হচ্ছে স্টিয়ারিং কমিটি।

### বাস্তবায়ন :

মহাকাশ কৌশল ও এর প্রয়োগ বিষয়ে বাস্তবিক প্রকল্প এবং শিক্ষা ও মানব সম্পদ প্রশিক্ষণের সুযোগ প্রদান এই উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের প্রাথমিক উপায় হবে যা সমাজের জন্য কল্যাণ বয়ে আনবে- শুধু মহাকাশ উন্নয়ন ক্ষেত্রেই নয়, বরং অন্যান্য বিভিন্ন প্রযুক্তি ক্ষেত্রেও।

- ১) প্রকল্পভিত্তিক মহাকাশ শিক্ষাকে উন্নীত করার জন্য ইউনিসেক-গ্লোবাল-এর সদস্যগণ অবশ্যই সার্বক্ষণিক প্রচেষ্টা চালাবেন।

- ২) ইউনিসেক-গ্লোবাল-এর সদস্যগণ অবশ্যই সকল পদক্ষেপ নেবেন এটা নিশ্চিত করতে যে, তাদের সংশ্লিষ্ট নীতি-নির্ধারক ও সিদ্ধান্ত-গ্রহণকারীগণ মহাকাশ শিক্ষার গুরুত্ব বুঝতে পারে এবং তাদের কার্যক্রমকে সমর্থন দেয়।
- ৩) ইউনিসেক-গ্লোবাল-এর সদস্যগণ অবশ্যই তাদের কার্যক্রম উন্মুক্তভাবে বিনিময় করবেন যেন তাদের অভিজ্ঞতা, কীভাবে জানা, সমস্যার সমাধান কৌশল ও দক্ষতা দ্বারা অন্যান্য সদস্যগণ লাভবান হতে পারেন।
- ৪) প্রত্যেক স্থানীয় অংশ একটি বা দু'টি প্রতিষ্ঠান (সাধারণতঃ বিশ্ববিদ্যালয়)-কে মনোনীত এবং তাদের প্রতিনিধি হিসেবে অন্যান্য অংশগ্রহণকারীদের সমন্বয় করার জন্য যোগাযোগ রক্ষা করবে। স্থানীয় অংশীদারদের অভ্যন্তরীণ কাঠামো স্থানীয় অবস্থার প্রতিফলন ঘটিয়ে ইউনিসেক-গ্লোবাল-এ স্বাধীনভাবে বাস্তবায়ন করা যাবে।
- ৫) সদস্যদের আইনগত বা আর্থিক কার্যক্রমের জন্য ইউনিসেক-গ্লোবাল সচিবালয়ের কোনো দায় থাকবে না। ইউনিসেক-গ্লোবাল সদস্য অথবা স্থানীয় অংশীদারদের কার্যক্রমের আর্থিক বা অন্যান্য আইনগত দায়সমূহ শুধু তাদের নিজেদের বহন করতে হবে।